

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْمِكْيَالُ مِكْيَالُ أَهْلِ الْمَدِينَةِ وَالنَّسَائِيِّ وَالْمَدِينَةِ وَالنَّسَائِيِّ وَالنَّسَائِيِّ وَالنَّسَائِيِّ

বাংলা

২৮৮৯-[৭] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পরিমাপের ক্ষেত্রে মদীনাবাসীর প্রচলিত পরিমাপ এবং ওয়নের ক্ষেত্রে মক্কাবাসীর প্রচলিত ওয়ন গণ্য হবে। (আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৩৩৪০, নাসায়ী ২৫২০, সহীহ ইবনু হিব্বান ৩২৮৩, ইরওয়া ১৩৪২, সহীহাহ্ ১৬৫, সহীহ আল জামি' ৭১৭০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মক্কাবাসীগণ ছিলেন ব্যাবসায়ী, আর তাদের চুক্তি ছিল ওযনকেন্দ্রিক এবং ওযনের ব্যাপারে তারা ছিল বেশ অভিজ্ঞ। অন্যদিকে মদীনাবাসীগণ ছিল ফসল উৎপাদনকারী চাষী, এজন্য তারা পরিমাপ সম্পর্কে বেশী অভিজ্ঞ।

অতঃপর আলোচ্য হাদীসে মক্কাবাসীদের ওয়ন ও মদীনাবাসীদের পরিমাপ খাস করা হয়েছে। শারহুস্ সুন্নাহ্ গ্রন্থে রয়েছে, আলোচ্য হাদীসে পরিমাপ এবং ওয়নের সংশ্লিষ্টতা রয়েছে "আল্লাহ তা'আলার অধিকারগুলোর ক্ষেত্রে"। যেমন যাকাত কাফফারা ইত্যাদি। এমনকি মক্কার ওয়নে ২০০ দিরহামের কম যাকাত ওয়াজিব নয়। আর সদাকাতুল ফিতরের ক্ষেত্রে মদীনার সা' অগ্রগণ্য। আর প্রত্যেক সা' সমান পাঁচ রিতল ও এক-তৃতীয়াংশ রিতল। রিতল হলো ১২৮ দিরহাম, যা উল্লেখিত দিরহাম অনুযায়ী। অথবা এক রিতল সমান ১২ উকিয়াহ্ বা ২৫৬৪ গ্রাম। ('আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৩৩৮)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন